# দূর-প্রশিক্ষণ পুস্তিকা
# [Distance-Training Package]

# ২

# স্পিচ থেরাপী
# [Speech Therapy]

## কথা ও ভাষার বিকাশ
## [Speech & Language Development]

## যে শিশু কিছু শব্দ করতে পারে
## [The child who can make some sounds]

বাংলাদেশ প্রতিবন্ধী ফাউন্ডেশন
Bangladesh Protibondhi Foundation

# দূর-প্রশিক্ষণ পুস্তিকা

## কথা ও ভাষার বিকাশ

## ২

## যে শিশু কিছু শব্দ করতে পারে

BANGLADESH PROTIBONDHI FOUNDATION

•

প্রকাশকাল
১৯৮৮

•

প্রথম সংস্করণ
১৯৯৯

•

লুসি টপিং-এর তত্ত্বাবধানে
তাহসিনা খাতুন
সুফিয়া রহমান
মমতাজ আনোয়ার

•

চিত্রশিল্পী
জাহাঙ্গীর হোসেন

বাংলাদেশ প্রতিবন্ধী ফাউন্ডেশন কর্তৃক প্রকাশিত ও সর্বসত্ত্ব সংরক্ষিত
১২ নিউ সার্কুলার রোড, পশ্চিম মালিবাগ, ঢাকা-১২১৭

## সূচিপত্র

| | পৃষ্ঠা |
|---|---|
| সূচনা | ১ |
| যে শিশু কিছু শব্দ করতে পারে তার জন্য ভাষা শিক্ষা বিষয়ক কার্যাবলী | ২-৬ |

BANGLADESH PROTIBONDHI FOUNDATION
BPF

# সূচনা

সাধারণতঃ প্রত্যেকটি শিশু শারীরিক ও মানসিক ক্রমবিকাশের সাথে সাথে প্রকৃতির নিয়ম অনুযায়ী বসতে, হাঁটতে, কথা বলতে এবং খেতে শিখে থাকে।

আপনার শিশুটি স্বাভাবিক শিশুদের থেকে একটু ভিন্ন ধরনের। তাই সে একেবারেই কথা বলতে পারে না, কিছু শব্দ করতে পারে বা দুই/চারটি কথা বলতে পারে। আপনার শিশুর জন্য আমাদের দেয়া পরামর্শগুলো যদি সতর্কতার সাথে মেনে চলেন তাহলে ভবিষ্যতে সে কথা বলতে শিখবে।

পরামর্শগুলো হলো :

১) প্রতিদিন আপনার শিশুকে কিছুটা সময় দিতে চেষ্টা করুন। একদিন দীর্ঘ সময় ব্যয় না করে নিয়মিত কিছুটা সময় দিন।

২) শিশুর প্রতি সদয় হোন এবং তার প্রতি আগ্রহ দেখান। শিশু যখন আপনাকে কিছু বলতে চেষ্টা করবে তাতে আপনি যে খুশি হয়েছেন তা বুঝতে দিন।

৩) শিশুকে কিছু বলতে বা আপনাকে কিছু বোঝাতে সময় দিন।


৪) শিশুকে কথা বলতে বাধ্য করবেন না। যখন সে পারবে তখন সে নিজেই বলবে। প্রত্যেকটি চেষ্টার জন্য শিশুকে উৎসাহিত করুন। কিন্তু শিশু কিছু বলতে অনিচ্ছা প্রকাশ করলে তাকে জোর করবেন না।

৫) মনে রাখবেন আপনার শিশু আপনার কাছ থেকেই শিখবে। অতএব সে কথা বলতে শিখবে যখন আপনি তার সাথে কথা বলবেন।

## যে শিশু কিছু শব্দ করতে পারে তার জন্য ভাষাগত উদ্দীপনা

১) যেহেতু আপনার শিশু একেবারেই কথা বলতে পারে না, সে কারণে ওর জন্য একটি সুন্দর সুস্থ পরিবেশ সৃষ্টি করুন।

খেলার মাধ্যমে শিশুকে সব কিছুর সাথে পরিচিত করুন এবং খেলতে উৎসাহিত করুন।



২) শিশুকে ছন্দের মাধ্যমে কিছু শব্দ করতে উৎসাহিত করুন। যেমন– শিশুকে কোলের উপর সামনা-সামনি বসিয়ে অথবা বিছানা বা মেঝের উপর বসিয়ে আপনি হাততালির মাধ্যমে আ-আ-আ, দা-দা-দা, মা-মা-মা, পা-পা-পা, লা-লা-লা অথবা হাততালি দিয়ে ইত্যাদি বিভিন্ন রকম শব্দ করে শিশুকে শোনাবেন। তাহলে শিশুও তখন সেটা করার জন্য চেষ্টা করবে।

মা-মা-মা

পা-পা-পা



৩) শিশু যদি গান পছন্দ করে তাহলে গানের মাধ্যমে তার সঙ্গে খেলা করুন এবং তাকেও শব্দ করতে উৎসাহিত করুন।

৪) শিশুকে মাটিতে বা অন্য কোথাও বসিয়ে শব্দ হয় এ ধরনের খেলা যেমন– পুতুল, ঝুনঝুনি, গাড়ি ইত্যাদি দিয়ে খেলতে উৎসাহিত করুন এবং ওর সাথে সেই সম্পর্কে কথা বলুন।



৫) ঘরের পরিবেশের সাথে সাথে শিশুকে বাইরের পরিবেশের সঙ্গে পরিচিত হতে উৎসাহিত করুন। যেমন- বিভিন্ন ধরনের পশু-পাখির শব্দ, গাড়ির শব্দ, প্লেনের শব্দ শোনাবেন এবং সাথে সাথে নিজেও ঐ শব্দগুলো করে শিশুকে করার জন্য উৎসাহিত করুন।

দেখ
এটা
বিড়াল
এটা
মুরগী




৬) সাংসারিক কাজ-কর্মের সময় শিশুকে পাশে বসিয়ে নিন এবং নিত্য প্রয়োজনীয় জিনিস যেমন– থালা-বাসন, গ্লাস-চামচ, হাড়ি-পাতিল ইত্যাদির সঙ্গে শিশুকে পরিচিত করান এবং আপনার কাজ দেখতে দিন।



৭) দৈনন্দিন কাজের সময় যেমন–

**খাওয়া ঃ** প্রতিবার খাওয়ার সময় শিশুকে কি খাওয়াচ্ছেন, খেতে কেমন স্বাদ, সে সম্পর্কে কিছু বলুন। খাবার জিনিসটি হাতে করে শিশুকে দেখান। যেমন– এটি মাছ, এগুলো ভাত।

আমরা খাবো



**গোসল করা ঃ**
গোসলের সময় শিশুকে সাবান, পানি, মগ, বালতি – প্রতিটি জিনিস সম্পর্কে বলুন এবং খেলার মাধ্যমে তাকে গোসলে উৎসাহিত করুন।

দেখ, পানিতে
কেমন
নৌকা চলে।




**কাপড় পরা ঃ** শিশুকে কাপড় পরতে সাহায্য করুন। কোনটি গায়ে দিতে হয় এবং কোনটি পরতে হয় তা বলুন। তাকে জামাটি কেমন মানাচ্ছে তাও বলুন।

দেখ,
আমরা
কেমন
প্যান্ট
পরতে
পারি



ঘুমানো ইত্যাদির সময় শিশুর সঙ্গে সেই সম্পর্কে কথা বলবেন। মনে রাখবেন শিশুর সঙ্গে সহজ ও ছোট ছোট বাক্য দ্বারা কথা বলতে হবে। কারণ আপনার কথাগুলো শুনেই শিশু কথা বোঝার এবং বলার চেষ্টা করবে।



BANGLADESH PROTIBONDHI FOUNDATION

BPF